



বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

প্রশাসন ও সমন্বয় বিভাগ

www.fri.gov.bd

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, সদর দপ্তর,

ময়মনসিংহ-২২০১

নম্বর: ৩৩.০৪.০০০০.১০৫.০৩.০০৩.১৮.২১৯

তারিখ: ৩০ ফাল্গুন ১৪২৪

১৪ মার্চ ২০১৮

অফিস আদেশ

জনাব মোঃ রায়হান হোসেন, মাতা-মোছাঃ দেলোয়ারা বেগম, পিতা-মোঃ মজিবর রহমান, গ্রাম-ভীমনগর, ইউনিয়ন-ধূরইল, ডাকঘর- ধূরইল, পোস্ট কোড নং-৬২২০, উপজেলা-মোহনপুর, জেলা-রাজশাহী (বর্তমান ঠিকানা: বৈজ্ঞানিক কর্মকর্তা, স্বাদুপানি কেন্দ্র, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ) কে ইনস্টিটিউটের “উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা (অস্থায়ী রাজস্ব)” পদে প্রচলিত ভাতাদিসহ জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৩৫৫০০.০০-৬৭০১০.০০ টাকা বেতনক্রমে (গ্রেড ০৬) মাসিক ৩৫৫০০.০০ টাকা মূল বেতনে নিম্নলিখিত শর্তে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ করা হলো।

শর্তাবলী :

১. তিনি ইনস্টিটিউটে বর্তমানে বলবৎ এবং ভবিষ্যতে প্রণীতব্য সকল নিয়ম-কানুনসহ সংশ্লিষ্ট সকল সরকারি বিধি-বিধান সম্পূর্ণভাবে মেনে চলতে বাধ্য থাকবেন।
২. নিয়োগ নিয়মিতকরণের পর চাকুরি হতে ইস্তফাদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের নিকট তিনি তাঁর অভিপ্রায় উল্লেখপূর্বক ৩ (তিন) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করে চাকুরি ত্যাগ করতে বা চাকুরি হতে বিরত থাকতে পারবেন না। এরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে তিনি ইনস্টিটিউটকে তিন মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে বাধ্য থাকবেন।
৩. নিয়োগ নিয়মিতকরণের তারিখ হতে নির্ধারিত হারে প্রদেয় পরিণামদর্শী তহবিলের সুবিধা ভোগ করবেন এবং তিন বছর চাকুরির পর প্রচলিত আইন অনুযায়ী আনুতোষিক সংক্রান্ত সুবিধার অধিকারী হবেন।
৪. তিনি বিশ্বস্তার সাথে কর্তৃপক্ষের প্রতি পূর্ণ আনুগত্য পোষণ করবেন।
৫. প্রয়োজনবোধে জনস্বার্থে তাঁকে ইনস্টিটিউটের যে কোন কেন্দ্র/উপকেন্দ্রে বদলী করা যাবে।
৬. তিনি কোনরূপ রাজনৈতিক মতামত প্রচার করতে পারবেন না বা নিজেকে রাজনৈতিক সংগঠনের সঙ্গে জড়িত করতে পারবেন না।
৭. চাকুরীকালীন সময়ে তাঁকে ইনস্টিটিউটের বাসায় (খালি সাপেক্ষে) বাধ্যতামূলকভাবে বসবাস করতে হবে।
৮. চাকুরিতে যোগদানকালে সিভিল সার্জনের নিকট হতে শারীরিক উপযুক্ততার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
৯. যোগদানের সাথে তিনি নিজের এবং নিজ পরিবারের সদস্যদের বিবাহে যৌতুক দিবেন না ও নিবেন না মর্মে অঙ্গীকারনামা প্রদান করবেন।
১০. তাঁর কর্মস্থল ইনস্টিটিউটের কক্সবাজারস্থ সামুদ্রিক মৎস্য ও প্রযুক্তি কেন্দ্র নির্ধারণ করা হলো এবং তিনি ১৫-০৪-২০১৮ খ্রি: তারিখের মধ্যে বর্ণিত কর্মস্থলে যোগদান করবেন। নির্ধারিত সময়ে যোগদানে ব্যর্থ হলে এই

নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

১১. চাকুরীতে যোগদানের পর তাঁর চাকুরীর আবেদন পত্রে প্রদত্ত কোন তথ্য মিথ্যা/ভূয়া প্রমাণিত হলে তাঁকে বিনা নোটিশে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইনে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

১৪-৩-২০১৮

ড. ইয়াহিয়া মাহমুদ

মহাপরিচালক

ফোন: +৮৮-০৯১-৬৫৮৭৪

ফ্যাক্স: +৮৮-০৯১-৬৬৫৫৯

ইমেইল: dgbfri@gmail.com

নম্বর:

তারিখ: ৩০ ফাল্গুন ১৪২৪

১৪ মার্চ ২০১৮

৩৩.০৪.০০০০.১০৫.০৩.০০৩.১৮.২১৯/১(৮)

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

১) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক (গবেষণা ও পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

২) পরিচালক, পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

৩) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, স্বাদুপানি কেন্দ্র, ময়মনসিংহ

৪) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, সামুদ্রিক মৎস্য ও প্রযুক্তি কেন্দ্র, কক্সবাজার

৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

৬) উপ-পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

৭) মোঃ রায়হান হোসেন, বৈজ্ঞানিক কর্মকর্তা, স্বাদুপানি কেন্দ্র, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট ময়মনসিংহ

৮) বৈজ্ঞানিক কর্মকর্তা (মহাপরিচালকের স্টাফ অফিসার), মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

১৪-৩-২০১৮

মোঃ কামরুজ্জামান

সহকারী পরিচালক